17

ভোরের কাগজ

তারিখ ..28 DEC 1998 ... ...
পৃষ্ঠা ২০ কলাম ৪ ......

# ঢাকা বিশ্ববিদ্যালয় লাইব্রেরির অটোমেশন প্রকল্প চালু

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী গতকাল রোববার বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি অটোমেশন প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন।

এক কোটি ২৪ লাখ টাকা ব্যয়ে এই অটোমেশন প্রকল্পের কাজ ১৯৯৯ সালের জুনের মধ্যে শেষ হবে। ইউএনডিপি, বাংলাদেশ সরকার, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও ঢাকা বিশ্ববিদ্যালয় যৌথভাবে এই প্রকল্পে অর্থ জোগান দিয়েছে।

উপাচার্য অধ্যাপক এ কে আজাদ চৌধুরী তার উদ্বোধনী ভাষণে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় লাইব্রেরিতে এই অটোমেশন পদ্ধতি প্রবর্তনের ফলে এই লাইব্রেরি বিশ্বের অন্যান্য লাইব্রেরির সঙ্গে সংযুক্ত হলো।

তিনি বলেন, 'এই অটোমেশনের ফলে পৃথিবীর যে কোনো প্রান্ত থেকে মানুষ ঢাকা বিশ্ববিদ্যালয় সম্পর্কে, লাইব্রেরি সম্পর্কে, বাংলাদেশ সম্পর্কে এবং আমাদের শিক্ষা ও সংস্কৃতি সম্পর্কে জানতে পারবে। তাছাড়া, শিক্ষক, গবেষক ও ছাত্র-ছাত্রীরাও এই লাইব্রেরিতে বসে পৃথিবীর যে কোনো বিশ্ববিদ্যালয় সম্পর্কে, তার গবেষণা কর্ম বা প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করতে পারবেন।'

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক এম শামসুল হক এক সংক্ষিপ্ত বক্তৃতায় এই অটোমেশন প্রকল্প চালু করতে পেরে সন্তুষ্টি প্রকাশ করেন। এতে স্বাগত বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের গ্রন্থাগারিক (পরিকল্পনা ও উন্নয়ন) ও প্রকল্প পরিচালক ড. এ কে এম ফজলুল আলম। অনুষ্ঠানে বিভিন্ন অনুষদের ডীন, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, হলের প্রভোস্ট, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।